গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০৪৫.২১.১৫০৭ তারিখ: ২৫ কার্তিক ১৪২৮
১০ নভেম্বর ২০২১

বিষয়: **চাঁদপুর জেলার শাহরাস্তি উপজেলাধীন রাগৈ ইসলামিয়া আলিম মাদ্রাসায় কর্মরত প্রভাষক (আরবি) জনাব মো: দেলোয়ার হোসেন (ইনডেক্স নং-C312095) এর প্রার্থীত পদবী ও বিষয় সংযোজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর স্মারক নং-৩৭.০২.০০০০.০১৩.০৯৫.১৭.২০২১-৩৩৫; তারিখ: ২০.০৯.২০২১ খ্রি.
(০২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং- ৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৮.২১.১২৭৩; তারিখ: ০৭.১০.২০২১খ্রি.
(০৩) জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক, (প্রশাসন) এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ) মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর তারিখ: ০৩.১১.২০২১খ্রি. এর তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার শাহরাস্তি উপজেলাধীন রাগৈ ইসলামিয়া আলিম মাদ্রাসায় কর্মরত প্রভাষক (আরবি) জনাব মো: দেলোয়ার হোসেন (ইনডেক্স নং-C312095) এর এমপিও শীটে পদবী ও বিষয় সংযোজনের আবেদন সূত্রোস্থ (০১) নং স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। পদবী সংশোধন সংক্রান্ত আবেদনটির সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে সূত্রোস্থ (০২) নং স্মারকে মাধ্যমে জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য পত্র প্রেরণ করা হয়।

০৩। সূত্রোস্থ (০৩) নং স্মারকের মাধ্যমে জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একটি তদন্ত প্রতিবেদন অত্র অধিদপ্তরে দাখিল করা হয়। (কপি সংযুক্ত)

০৪। জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর মতামত- "এমপিও শীটে জনাব মো: দেলোয়ার হোসেন, এর পদবী ও বিষয় মুদ্রিত নেই কিন্তু নিয়োগ ও যোগদানপত্রসহ নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে পদবী-LEC এবং বিষয় -ARABIC উল্লেখ আছে এবং এমপিও শিটে বেতন কোড ৭ উল্লেখ আছে যা প্রভাষক (আরবি) পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত পদবী-LEC এবং বিষয়-ARABIC মর্মে জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ),মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শিটে পদবী-LEC এবং বিষয়-ARABIC সংযোজনের জন্য আবেদন করেছেন এবং এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ পদবী-LEC এবং বিষয় ARABIC সংযোজনের সুপারিশ করেছেন। বিধায় চাঁদপুর জেলার শাহরাস্তি উপজেলাধীন রাগৈ ইসলামিয়া আলিম মাদ্রাসায় কর্মরত প্রভাষক (আরবি) জনাব মো: দেলোয়ার হোসেন (ইনডেক্স নং-C312095) এর এমপিও শিটে পদবী-LEC এবং বিষয়- ARABIC সংযোজন করা যেতে পারে।" (কপি সংযুক্ত)

০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) ও জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব জনাব মো: দেলোয়ার হোসেন (ইনডেক্স নং-C312095) এর তথ্য এবং প্রার্থীত পদবী ও বিষয় নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী,ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা	প্রভাষক (আরবি) পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান পদবী	প্রার্থীত পদবী	মন্তব্য

০১	জনাব মো: দেলোয়ার হোসেন, প্রভাষক (আরবি) (ইনডেক্স নং-C312095) রাগৈ ইসলামিয়া আলিম কামিল মাদ্রাসা, শাহরাস্তি, চাঁদপুর	২৩/০৭/১৯৯৭ খ্রি.	পদবী-নেই বিষয়-নেই	পদবী-LEC বিষয়-ARABIC	এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয় নেই আবেদনকারীর প্রার্থীত পদবী-LEC ও বিষয় - ARABIC সংযোজন যোগ্য।

০৬। এমতাবস্থায়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) ও জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: দেলোয়ার হোসেন (ইনডেক্স নং-C312095) এর পদবী-LEC এবং বিষয়-ARABIC সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে। **কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।**

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

সংযুক্তি: বর্ণনামতে ১২ ফর্দ।

১০-১১-২০২১
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০৪৫.২১.১৫০৭/১(৬)

তারিখ: ২৫ কার্তিক ১৪২৮
১০ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, চাঁদপুর।
৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর ।
৪) সভাপতি/অধ্যক্ষ, রাগৈ ইসলামিয়া আলিম মাদ্রাসা, শাহরাস্তি, চাঁদপুর ।
৫) মো: দেলোয়ার হোসেন, প্রভাষক (আরবি) (ইনডেক্স নং-C312095) রাগৈ ইসলামিয়া আলিম কামিল মাদ্রাসা, শাহরাস্তি, চাঁদপুর, ।
৬) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

১০-১১-২০২১
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)